**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

নং-১৭.০০.০০০০.০২৮.১০.০০৬.১৯.১১

তারিখ ঃ ১৪ মাঘ ১৪২৬ বঃ
২৮ জানুয়ারি ২০২০ খ্রিঃ

বিষয় ঃ আবাসিক টেলিফোন সংযোগ ও নগদায়নভাতা উত্তোলন প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে জারিকৃত ‘সরকারি টেলিফোন, সেলুলার, ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা, ২০১৮’ এর আলোকে অনুচ্ছেদ ৮ঋ, ১৫ক এর (ঘ,চ) এবং ১৬ অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয়ের মাঠ পর্যায়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের আবাসিক টেলিফোনের নগদায়নভাতা প্রাপ্তির প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

২। লাইন রেন্ট ও ভ্যাট ব্যতীত সরকারি আবাসিক টেলিফোন ব্যবহারের ব্যয়সীমা নিম্নবর্ণিত ছকের ৩ নম্বর কলাম- অনুযায়ী নির্ধারিত হবে এবং আবাসিক টেলিফোনের প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণের মধ্যে যারা নগদায়নভাতা গ্রহণে ইচ্ছুক তাদের মাসিক বেতন বিলের সাথে ৪র্থ কলাম অনুযায়ী নগদায়নভাতা উত্তোলন করতে পারবেন।

| ক্রঃ নং | পদবী | ইন্টারনেটসহ মাসিক আবাসিক টেলিফোনের নির্ধারিত ব্যয়সীমা | ইন্টারনেটসহ মাসিক আবাসিক টেলিফোনের নগদায়নভাতা |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ক. | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা | ২,৬৫০.০০ টাকা | ২,০০০.০০ টাকা |
| খ. | সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা | ১,৯৫০.০০ টাকা | ১,৬০০.০০ টাকা |
| গ. | জেলা নির্বাচন কর্মকর্তা/অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/ অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা | ১,৯৫০.০০ টাকা | ১,৬০০.০০ টাকা |
| ঘ. | উপর্যুক্ত ব্যয়সীমার তালিকায় কোনো পদের প্রাধিকার নির্দিষ্টভাবে উল্লেখ না থাকিলে সংশ্লিষ্ট পদের সমমর্যাদাসম্পন্ন পদের প্রাধিকার প্রযোজ্য হইবে। | -- | -- |

৩। আবাসিক টেলিফোন সংযোগ ও নগদায়নভাতা প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রযোজ্য হবেঃ-

(ক) আবাসিক টেলিফোন সংযোগের ক্ষেত্রে প্রাধিকারভুক্ত কর্মচারীগণ ছক-৪ পূরণপূর্বক নীতিমালার ৯ অনুচ্ছেদের প্রযোজ্য বিধানাবলী অনুসরণ করবেন।

(খ) টেলিফোন ব্যবহারকারী প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণ বেতন ভাতার সাথে নগদায়নভাতা প্রাপ্য হবেন এবং অতিরিক্ত লাইন রেন্ট ও লাইনরেন্টের ভ্যাট প্রাপ্য হবেন না (ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৪ আগস্ট ২০১৯ খ্রিঃ তারিখের ১৪.০০.০০০০.০০৯.১৮.০০২.১৯-২৪৬ নং জারীকৃত পত্র অনুসারে আলাদা কোন লাইন রেন্ট না থাকায়)

(গ) বি.টি.সি.এল এর ফোন এবং যে কোন ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সংযোগ থাকতে হবে। ইন্টারনেট সংযোগ গ্রহণের ক্ষেত্রে বি.টি.সি.এল এবং টেলিটককে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(ঘ) সংশ্লিষ্ট কর্মচারী টেলিফোন নগদায়নভাতা গ্রহণে ইচ্ছুক এই মর্মে একটি প্রত্যয়নপত্র প্রতি কর্মস্থলে একবার পেশ করবেন।

(ঙ) টেলিফোন নগদায়নভাতা গ্রহণকারী কর্মচারী টেলিফোন বিল পরিশোধ না করলে বি.টি.সি.এল উক্ত সংযোগ বিচ্ছিন্ন করবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর দপ্তরকে অবহিত করবে এবং সংযোগ বিচ্ছিন্ন থাকা অবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত নগদায়নভাতা প্রাপ্য হবেন না।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

(চ) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাকে আবাসিক টেলিফোন সংযোগের অনুকূলে নগদায়নভাতা গ্রহণের ক্ষেত্রে একটি প্রত্যয়নপত্রসহ আবেদন নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।

(ছ) আবাসিক টেলিফোন নীতিমালার আলোকে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাকে তাঁর আওতাধীন অঞ্চলের কর্মচারীগণের আবাসিক টেলিফোন সংযোগের অনুমতি/ক্ষমতাও তাঁকে প্রদান করা হলো। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন অফিস নগদায়নভাতা গ্রহণকারী কর্মচারীগণের তালিকা ও টেলিফোন নম্বর সংরক্ষণ করবে এবং টেলিফোন বিল মঞ্জুরকারী এই তালিকা সংশ্লিষ্ট হিসাব শাখা, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা/ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং বি.টি.সি.এল. এর নিকট সংশ্লিষ্ট নীতিমালার পরিশিষ্ট-৩ অনুযায়ী প্রেরণ করতে হবে।

(জ) টেলিফোন ও ইন্টারনেটের বিল কর্মচারীগণ ব্যক্তিগতভাবে পরিশোধ করবেন। টেলিফোন নগদায়নভাতা গ্রহণকারী কর্মচারী প্রতিমাসে আবাসিক টেলিফোনের বিল বি.টি.সি.এল.এর অনুমোদিত ব্যাংকে ব্যক্তিগতভাবে পরিশোধ করে ব্যাংকের সীল ও স্বাক্ষর সংবলিত পরিশোধিত বিলের ১ (এক)কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করবেন।

(ঝ) নগদায়নভাতা গ্রহণকারী কর্মচারী অন্যত্র বদলী হলে খাত পরিবর্তনের সময় (ছক-৫ পূরণপূর্বক) আবাসিক টেলিফোনের বিল পরিশোধের প্রত্যয়নপত্র নতুন কর্মস্থলে দাখিল করবেন।

(ঞ) আবাসিক টেলিফোনের বিল দীর্ঘদিন বকেয়া থাকলে নগদায়নভাতা গ্রহনকারী কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক মন্ত্রণালয় তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ট) আবাসিক টেলিফোনের সংযোগ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মচারীগণ বকেয়া হিসাবে টেলিফোন নগদায়নভাতা প্রাপ্য হবেন।

২৪/০১/২০২০
(মোঃ রিয়াজ উদ্দিন)
সহকারী সচিব (সেবা-১)
ফোনঃ ৫৫০০৭৫৩৮

কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ---------- (সকল)
২। উপসচিব (বাজেট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা ------ (সকল)
৪। জেলা নির্বাচন কর্মকর্তা ---------- (সকল)
৫। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/ অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা------ (সকল)
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সিএন্ডএজি,পিএসসি ও নির্বাচন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৭। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা ---------- (সকল)

জ্ঞাতার্থেঃ-

১। উপসচিব (সাধারণ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। উপসচিব চলতি দায়িত্ব (হিসাব), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।